



প্রেস-রিলিজ

‘তোমাদেরকে মনুষ্যত্বসম্পন্ন মানুষ হতে হবে’

-ডিন'স অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানে শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৫ সেপ্টেম্বর ২০২২।

তোমাদেরকে মনুষ্যত্বসম্পন্ন মানুষ হতে হবে। সততা ও নৈতিকতা সাথে দাঁড়াতে হবে মানুষের পাশে এবং কাজ করে যেতে হবে দেশের জন্য। প্রথাগত শিক্ষা অর্জনের পাশাপাশি একজন সত্যিকারের মনুষ্যত্বসম্পন্ন মানুষে পরিণত হতে পারলেই তোমদের এ শিক্ষা অর্জন স্বার্থক বলে প্রতিয়মান হবে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ডিন'স অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানে শিক্ষার্থীদের উদ্দেশ্যে প্রধান অতিথির বক্তব্যে এ কথাগুলো বলেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় উপাচার্য মহোদয় আরও বলেন, সকলের সম্মিলিত প্রয়াসে বরিশাল বিশ্ববিদ্যালয় একদিন শিক্ষার্থীদের পছন্দের কেন্দ্রবিন্দুতে পরিণত হবে। শিক্ষা, গবেষণা ও সহশিক্ষা কার্যক্রমের সমষ্টিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়কে দেশ ও আন্তর্জাতিক পরিমন্ডলে পরিচিত করতে বিশ্ববিদ্যালয়ের সকলকে ঐক্যবন্ধভাবে যার যার অবস্থান থেকে কাজ করে যেতে আহবান জানান উপাচার্য মহোদয়। ১৫ সেপ্টেম্বর ২০২২ তারিখ বিকাল ৪ টায় বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে অ্যাওয়ার্ড প্রদান করা হয়। বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের অধীন বিভিন্ন বিভাগের ৫৮ জন মেধাবী শিক্ষার্থীদের মাঝে মর্যাদাপূর্ণ এ ডিন'স অ্যাওয়ার্ড প্রদান করা হয়। অ্যাওয়ার্ড প্রাপ্তদের মধ্যে স্নাতক পর্যায়ে ২০১৩-১৪ শিক্ষাবর্ষে ১৪ জন ও ২০১৪-১৫ শিক্ষাবর্ষে ২৭ জন এবং স্নাতকোত্তর পর্যায়ে ২০১৫-১৬ শিক্ষাবর্ষে ৫ জন ও ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ১২ জন শিক্ষার্থী রয়েছেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরজ্জামান ভূইয়া। কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন গবেষণা ও সম্প্রসারণ অফিসের পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) ড. মোহাম্মদ সাখাওয়াত হোসেন। অ্যাওয়ার্ড প্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখেন রসায়ন বিভাগের অরিন্দম কর্মকার ও ফিন্যাল এন্ড ব্যাংকিং বিভাগের ওহেদা ইসলাম। অনুষ্ঠানে সম্মাননাপ্রাপ্ত ৫৮ মেধাবী শিক্ষার্থীদের হাতে সনদপত্র ও ক্রেস্ট তুলে দেন উপাচার্য ও ট্রেজারার মহোদয়সহ অন্যান্য অতিথিবৃন্দ। এছাড়াও অনুষ্ঠানে বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ১১০ জন শিক্ষককে সম্মাননা প্রদান করা হয়। জানুয়ারি ২০১৯ থেকে ডিসেম্বর ২০২১ এর মধ্যে বিভিন্ন জার্নালে প্রকাশিত প্রবন্ধের উপর ভিত্তি করে সম্মানিত শিক্ষকদের এ সম্মাননা সনদ প্রদান করা হয়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, ২৪টি বিভাগের চেয়ারম্যানবৃন্দ, প্রভোস্ট, প্রক্টর, পরিচালকবৃন্দ, শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থীবৃন্দসহ কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মার্কেটিং বিভাগের প্রতাপক সায়মা আক্তার।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০২২ খ্রিস্টাব্দ

জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়